ই - সংবাদ

কাকড়াবনে প্রধানমন্ত্রী ফসল বীমার আওতায় এসেছেন ৭১১ জন কৃষক

উদয়পুর, ১৮ এপ্রিল ।। কাকড়াবন পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা গতকাল কাকড়াবন পঞ্চায়েত সমিতির সভা গৃহে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি কেশব সেন । সভায় কৃষি দপ্তরের প্রতিনিধি জানান, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় ব্লক এলাকায় ১০৪০ হেঃ জমিতে শ্রীপদ্ধতিতে বোরো ধানের চাষ করা হয়েছে । ২০১৭-১৮ অর্থ বছরে শ্রীপদ্ধতিতে আমন ধানের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে ৩৫০ হেঃ। উচ্চ ফলনশীল আমন ধানের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে ৫০০ হেঃ । তিনি জানান, রেগা প্রকল্পে আম ৭ হেঃ, মোসাম্বী ২ হেঃ, সুপারী সাড়ে ৯ হেঃ এবং কমলা ১ হেঃ নতুন বাগান করা হবে । এছাড়া, পুরানো বাগান সংস্কার করা হবে ২৫ হেঃ। এরমধ্যে রয়েছে আম ১২ হেঃ, আনারস ২ হেঃ, মোসাম্বী ৩ হেঃ, সুপারী ৩ হেঃ, কলা সাড়ে ৪ হেঃ এবং লেবু ০.৫ হেঃ । গত বছর ১০০টি ভার্মি কম্পোস্ট পীট করা হয়েছে । এ বছর আরো ১১০টি ভার্মি কম্পোস্ট পীট করা হবে । প্রতিটি ভার্মি কম্পোস্ট পীট করতে খরচ হবে ১০ হাজার টাকা করে। প্রধানমন্ত্রী ফসল বীমা প্রকল্পে এখন পর্যন্ত ৭১১ জন কৃষককে বীমার আওতায় আনা হয়েছে । সভায় জল সম্পদ দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকায় ৪৭টি উত্তোলক সেচ প্রকল্প রয়েছে । সবগুলি প্রকল্পই চালু রয়েছে । তিনি জানান, পালাটানা পঞ্চায়েতের নয়াঘাটে ৪০০ মিঃ বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করা হবে রেগার মাধ্যমে। এতে ব্যয় ধরা হয়েছে ৬ লক্ষ ৯৯ হাজার টাকা । জামজুরি স্লুইচ গেইটের কাজ শুরু হয়েছে। ব্যয় ধরা হয়েছে ১২ লক্ষ ৫৫ হাজার টাকা । এছাড়া, সুখসাগর জলাছড়া সংস্কার করা হবে বলেও তিনি জানান। সভায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, সম্প্রতি ব্লকের প্রতিটি পঞ্চায়েত ও ভিলেজে গবাদি পশুর টিকাকরণ শিবির করা হয়েছে । এতে ৫ হাজার ৬১২টি গবাদি পশুর টিকাকরণ করা হয়েছে । তিনি জানান, চলতি বছরে তুলামুড়া, রাণী, হুরিজলা পঞ্চায়েতে তিনটি ব্রুডার হাউস নির্মাণ করা হবে । সভায় মৎস্য দপ্তরের কাজকর্ম নিয়েও আলোচনা হয়। সভায় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বদেশ মজুমদার উপস্থিত ছিলেন ।

স্বাবলম্বন ঃ ধলাই জেলায় ২১৩ জনকে ঋণ

আমবাসা, ১৮ এপ্রিল ।। শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে ২০১৬-১৭ অর্থ বছরে ধলাই জেলায় স্বাবলম্বন প্রকল্পে জেলার ৮টি ব্লক এলাকার ২১৩ জন বেকার যুবক-যুবতীকে ঋণ দেওয়া হয়েছে । রেডিমেড পোষাক তৈরি, মোমবাতি তৈরি, চালকল, ফল প্রক্রিয়াকরণ, মুরগী পালন, মৎস্য চাষ, ইলেক্ট্রনিক সামগ্রী মেরামতি ও সার্ভিসিং, সাইকেল রিক্সা মেরামতি, দুই বা তিন চাকার যান বাহন মেরামতি, ইলেকট্রনিক সামগ্রী বিক্রয়, সেলাই, ডেকোরেটোর, কম্পিউটার পরিষেবা ইত্যাদির জন্য জেলার ২১৩ জন যুবক-যুবতীকে ১ কোটি ৬ লক্ষ ৭১ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের ধলাই জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

প্রকাশিত সংবাদটি সঠিক নয় ঃ রাজ্যপালের সচিবালয়

আগরতলা, ১৭ এপ্রিল ।। গত ১৩ এপ্রিল স্থানীয় কয়েকটি সংবাদপত্রে প্রকাশিত সংবাদে বলা হয় যে, রাজ্যপাল ত্রিপুরা আন এমপ্লয়েড এগ্রিকালচার এবং হর্টিকালার গ্র্যাজুয়েটস এসোশিয়েশন (টি ইউ এ এইচ জি এ) এর আন্দোলনকারীদের ডেকে নিয়ে তাদের সমস্যা বিষয়ক কিছু আশ্বাস প্রদান করেছেন । রাজ্য পালের সচিবালয় থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, উল্লিখিত সংবাদটি মোটেও সত্য নয় । প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, আন্দোলনকারীদের কয়েকজন রাজ্যপালের সাথে এক সাক্ষাৎকারের জন্য আবেদন করলে তাদেরকে রাজ্যপালের সাথে দেখা করতে দেওয়া হয়। সাক্ষাৎকারের সময় আন্দোলনকারীরা রাজ্যপালের হাতে এক স্মারকলিপি তুলে দেন এবং রাজ্যপাল এবিষয়ে প্রয়োজনীয় নজর দেবেন বলে তাদেরকে জানান ।

সোনামুড়া মহকুমা হাসপাতালে জেনেরিক ঔষধের বিক্রয় কেন্দ্র

সোনামুড়া, ১৭ এপ্রিল ।। মেলাঘরস্থিত সোনামুড়া মহকুমা হাসপাতালে আজ জনঔষধীর (জেনেরিক মেডিসিন) একটি কেন্দ্রের উদ্বোধন করেন সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী সহিদ চৌধুরী । মেলাঘর প্রাইমারী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটির পরিচালনায় এই বিক্রয় কেন্দ্রটি সোনামুড়া মহকুমা হাসপাতালে চালু হয়েছে। এই উপলক্ষ্যে মহকুমা হাসপাতাল প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে সংখ্যালঘু কল্যাণ মন্ত্রী সহিদ চৌধুরী বলেন, মানুষকে রোগমুক্ত রাখাই রাজ্য সরকারের লক্ষ্য । রোগমুক্তির জন্য স্বাস্থ্য সচেতনতার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, রাজ্য সরকার চিকিৎসা পরিষেবা গ্রামস্তরে পৌঁছে দেয়ার ক্ষেত্রে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে । চিকিৎসা কেন্দ্রগুলিতে চিকিৎসক সহ স্বাস্থ্যকর্মীর অভাব দূর করতে রাজ্য সরকার সচেষ্ট রয়েছে বলে তিনি উল্লেখ করেন। গরীব মানুষকে কম দামে সমগুণমান সম্পন্ন জেনেরিক ঔষধ ব্যবহারের জন্যও তিনি পরামর্শ দেন । এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস। বিশেষ অতিথি ছিলেন ত্রিপুরা মার্কফেড এর চেয়ারম্যান হরিশংকর দেবনাথ, সমবায় দপ্তরের বিশেষ সচিব কৃষ্ণ দুলাল চৌধুরী, সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সি দেববর্মা, টি এম সির অধ্যাপক ডাঃ কৌশিক চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলাঘর প্রাইমারী মার্কেটিং কো-অপারেটিভ এর চেয়ারম্যান শ্রুতিনাথ সরকার । মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস আলোচনায় বলেন, সোনামুড়া মহকুমা হাসপাতালের পরিকাঠামো নতুন ভাবে তৈরীর জন্য স্বাস্থ্য দপ্তর থেকে ইতোমধ্যে ৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে । শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে।

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com

আগরতলা পুর নিগমের ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা

আগরতলা, ১৭ এপ্রিল ।। আগরতলা পুর নিগমের কনফারেন্স হলে ১৩ এপ্রিল ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা সংগঠিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । সভায় আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা, ডেপুটি মেয়র সমর চক্রবর্তী, মেয়র পারিষদ বিশ্বজিৎ দেব, ফুলন ভট্টাচার্য, অভিজিৎ ভট্টাচার্য, বিশ্বনাথ সাহা ও কৃষ্ণা মজুমদার, যুব বিষয়ক ও ক্রীড়া এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন । সভার সিদ্ধান্ত অনুযায়ী আগরতলা পুর নিগমের মধ্য জোন এবং উত্তর জোনের ২৪টি ওয়ার্ড ব্লক-এ এবং পূর্ব জোন এবং দক্ষিণ জোনের অন্তর্ভুক্ত ২৫টি ওয়ার্ড ব্লক-বি তে ভাগ করা হয়েছে । আগামী ১৯ ও ২০ এপ্রিল ব্লক-এ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা সকাল ৯টায় স্বামী বিবেকানন্দ ময়দানে এবং ব্লক-বি ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা বাধারঘাটস্থিত দশরথ দেব কমপ্লেক্সে সকাল ১০টায় অনুষ্ঠিত হবে । গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতায় পাতিল ভাঙ্গা, মিউজিক বল, দড়ি টানাটানি, এ্যাথলেটিক্স, ফুটবল, কাবাডি, ভলিবল, খো-খো ইত্যাদি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । এছাড়া, সভায় জানানো হয়, ব্লক ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা আগামী ১৮ - ২৪ এপ্রিলের মধ্যে এবং মহকুমা ভিত্তিক প্রতিযোগিতা ২৫ - ২৯ এপ্রিলের মধ্যে শেষ করতে হবে ।

গঙ্গানগরে স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়ন

আমবাসা, ১৭ এপ্রিল ।। আমবাসা মহকুমার গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পাকা বাড়ি নির্মাণের কাজ চলছে। স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ অর্থে এতে ব্যয় হবে ১ কোটি ৫৪ লক্ষ টাকা । এছাড়া, গঙ্গানগর হাই স্কুলের পাকা দ্বিতল বাড়ি নির্মাণ করা হবে । বিদ্যালয় শিক্ষা দপ্তরের বরাদ্দ অর্থে এতে ব্যয় হবে ২ কোটি ৫৮ লক্ষ টাকা । ধলাই জেলা পূর্ত বিভাগ থেকে এ তথ্য জানানো হয়েছে ।

কৈলাসহরে ড. আম্বেদকরের পূর্ণাবয়ব মূর্তি স্থাপিত

কৈলাসহর, ১৭ এপ্রিল ।। গত ১৪ এপ্রিল কৈলাসহর এয়ারপোর্ট সংলগ্ন দুর্গাপুর তিন রাস্তার মোড়ে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ড. বি আর আম্বেদকরের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করা হয়েছে । ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি কল্পনা দেবনাথ এই পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করেন । অনুষ্ঠানে তিনি বলেন, ড. আম্বেদকর আজীবন মানুষের অধিকারের জন্যে লড়াই করেছেন । বিশেষ করে দলিত ও পশ্চাদপদ মানুষের কাছে তিনি এক উজ্জ্বল নক্ষত্র । দেশের সংবিধান প্রণেতা হিসাবেই শুধু নন, সত্যিকারের মানুষ হিসাবে এবং সাম্যের একজন পথপ্রদর্শক হিসাবে গোটা দুনিয়া তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে যাবে । অনুষ্ঠানে বিধায়ক টুনুবালা মালাকার ড. আম্বেদকরকে সমাজ সংস্কারক হিসাবে আখ্যায়িত করেন । বিধায়ক বীরজিৎ সিনহা বলেন, অস্পৃশ্যতা ও বৈষম্যের বিরুদ্ধে সংগ্রামে গোটা জাতি শ্রদ্ধার সঙ্গে ড. আম্বেদকরের নাম স্মরণ করেন । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ কন্দর্প মোহন মালাকার । সভাপতির ভাষণে কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মনীষ সাহা বলেন, আমরা পুর পরিষদ থেকে নগর এলাকায় আরো আটজন মনীষীর মূর্তি বসানোর উদ্যোগ নিয়েছি । অন্যান্যদের মধ্যে আলোচনা করেন কৈলাসহর পুর এলাকার তপশীলি জাতি কমিটির চেয়ারম্যান অনিল বরণ মজুমদার, ও বি সি কমিটির চেয়ারম্যান কান্তি লাল দেব । এছাড়া ড. আম্বেদকরের জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা করেন জেলার ভারপ্রাপ্ত শিক্ষা আধিকারিক শ্যামল দাস । শিল্পী বিষ্ণু আচার্য ফাইবারে ড. আম্বেদকরের মূর্তি নির্মাণ করেছেন ।

জিরানীয়ায় গ্রামীণ ক্রীড়া কর্মসূচী

জিরানীয়া, ১৭ এপ্রিল ।। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের জিরানীয়া কার্যালয়ের উদ্যোগে আগামীকাল সকাল ১০টায় চতুর্দশ দেবতা বাড়ী মেলার মাঠে অনুষ্ঠিত হবে পুরাতন আগরতলা ব্লক ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা । ১৮-১৯ এপ্রিল এই দুদিন ব্যাপি ক্রীড়া প্রতিযোগিতা চলবে । উদ্বোধন করবেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । জিরানীয়া ব্লক ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা হবে শচীন্দ্র নগর কলোনী উচ্চ বিদ্যালয়ের মাঠে ১৯ এপ্রিল। এই ক্রীড়ানুষ্ঠানেরও উদ্বোধন করবেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । ২৪ এপ্রিল বীরেন্দ্রনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হবে জিরানীয়া নগর পঞ্চায়েত ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা । ২৬ এপ্রিল বেলবাড়ী ব্লক ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা হবে চম্পকনগর কলাবাগান গুরুচরণ উচ্চ বিদ্যালয়ের মাঠে। এই দুটি ক্রীড়া অনুষ্ঠানের উদ্বোধন করবেন এ ডি সির মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা । জিরানীয়া যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের আধিকারিক এ সংবাদ জানিয়েছেন।

চিনিবাগানে প্রশাসনিক শিবির ১৯ এপ্রিল

কৈলাসহর, ১৭ এপ্রিল ।। কৈলাসহর মহকুমা প্রশাসনের উদ্যোগে গৌরনগর ব্লকের চিনিবাগান হাইস্কুলে আগামী ১৯ এপ্রিল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে মহকুমা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ঐ এলাকার স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে জনগণের সাথে মতবিনিময় সভা করবেন । এছাড়া শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পি আর টি সি, এস টি এবং এস সি সার্টিফিকেটের আবেদন পত্র গ্রহণ করা হবে । স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে প্রাণী চিকিৎসা শিবিরের আয়োজন করা হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য মহকুমা শাসক অনুরোধ জানিয়েছেন ।

ধলাই জেলায় বৃত্তিমূলক প্রশিক্ষণ পেয়েছে ৩,৮১৪ জন নব পড়ুয়া

আমবাসা, ১৭ এপ্রিল ।। ধলাই জেলার নব পড়ুয়াদের আর্থ-সামাজিক জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে ধলাই জেলা লোকশিক্ষা সমিতির উদ্যোগে, বিভিন্ন দপ্তরের সহযোগিতায় ২০১৬-২০১৭ অর্থ বছরে জেলার ৮টি ব্লক এলাকায় ৩,৮১৪ জন নব পড়ুয়াকে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে । এর মধ্যে শূকর পালনে ১৪৫০ জন, ছাগল পালনে ৪০০জন, দুগ্ধবতী গাভী পালনে ৩১৩ জন, মুরগ পালনে ২২০জন, হাঁস পালনে ১১৫ জন, কৃষি ফসল উৎপাদন বিষয়ে ৭১৬ জন, ফলচাষ বিষয়ে ১২৫ জন, মৎস্য চাষ বিষয়ে ৩৫০ জন, রাবার চাষ বিষয়ে ৫০ জন এবং সেলাই বিষয়ে প্রশিক্ষণ নিয়েছে ৭৫ জন নব পড়ুয়া । ধলাই জেলা লোকশিক্ষা সমিতির জেলা প্রজেক্ট কো-অর্ডিনেটর এই সংবাদ জানিয়েছেন।

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com